

সিরাজউদ্দৌলা (১৯৬৫)

- সিকান্দার আবু জাফর

পাঠ-৩

উদ্দেশ্য

এই নাট্যাংশ পড়ার পর শিক্ষার্থীরা-

১. অমাত্যবর্গের দ্বিমুখী চরিত্র সম্পর্কে জানতে পারবে। তারা প্রকাশ্যে নবাব সিরাজউদ্দৌলাকে সমর্থন দিচ্ছেন এবং আড়ালে নবাববিরোধী ষড়যন্ত্রে লিপ্ত হয়েছেন। এদের নেতৃত্বে আছেন প্রধান সেনাপতি মিরজাফর আলি খান। এরা ঘরভেদী বিভীষণ। অর্থাৎ এরা স্বার্থান্বেষী, অবিশ্বস্ত ও দেশদ্রোহী।

মূলপাঠ: সংক্ষিপ্ত

(দ্বিতীয় অঙ্ক)। নবাব সিরাজউদ্দৌলা ইংরেজ বণিকগোষ্ঠীর নানা অপকীর্তির বর্ণনা দিলেন এবং তাদের দমনের জন্য দরবার কক্ষে উপস্থিত অমাত্যবর্গের সমর্থন চাইলেন। অমাত্যবর্গ যে যার ধর্ম সাক্ষী রেখে নবাবের অনুগত থাকার প্রতিজ্ঞা করলেন। কিন্তু এরপরও দেখা গেল প্রথমত অমাত্যবর্গসহ প্রধান সেনাপতি মিরজাফরের বাড়িতে এবং দ্বিতীয়ত অমাত্যবর্গ ও ইংরেজ প্রতিনিধি (ওয়াটস ও ক্লাইভ)-সহ মিরমিরনের বাড়িতে ষড়যন্ত্রমূলক গোপন বৈঠক হচ্ছে। এটা স্পষ্ট যে, এখানে নাটের গুরু মিরজাফর আলি খান এবং তার পুত্র মিরমিরন।

শব্দার্থ ও টীকা

শব্দার্থ-

কর (Tax)- প্রকৃতপক্ষে গুন্ড (Duty) বোঝানো হয়েছে।

সিপাহসালার - প্রধান সেনাপতি।

আজ্ঞাবহ - অনুগত।

পাঞ্জা (নবাবের -) - হুকুমনামা, ফরমান।

মসনদ- সিংহাসন।

পরিচারক (Waiter) - সেবক, বেয়ারা।

পরিচারিকা (Waitress)- সেবিকা।

কালকেউটে - বিষাক্ত সাপ। উমিচাঁদকে বোঝানো হয়েছে।

টীকা:

ক. 'আমার অপরাধের জন্য আপনাদের কাছে আজ আমি বিচারপ্রার্থী।' - সিরাজ, ১ম দৃশ্য

খ. 'দেশের স্বার্থের জন্যে নিজেদের স্বার্থ তুচ্ছ করে আমরা নবাবের আজ্ঞাবহ হয়েই থাকবো।' - মিরজাফর,

১ম দৃশ্য

গ. 'ওরা বেনিয়ার জাত। পয়সা ছাড়া কিছু বোঝে না।' - রাজবল্লভ, ২য় দৃশ্য

ঘ. 'সবাই মিলে সত্যিই আমরা বাংলাকে বিক্রি করে দিচ্ছি না তো?' - মিরজাফর, ৩য় দৃশ্য

প্রশ্নোত্তর পর্ব

পাঠোত্তর মূল্যায়ন

লিখিত ও মৌখিক

বিভিন্ন বোর্ড (২০১৬ - ২০১৯)